

তারিখ
পৃষ্ঠা কলাম

শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে দখলের প্রতিযোগিতা

চলছে -----ইনু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । জাসদ ছাত্রলীগের ৫৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গত শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি ক্যাফেটেরিয়াতে সংগঠনের সাবেক নেতা-কর্মীদের এক পুনর্মিলনী অনুষ্ঠানে জাসদের সাধারণ সম্পাদক হাসানুল হক ইনু বলেন, দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে মুক্তবুদ্ধির চর্চা ও জাতির বিবেকের ভূমিকা পালনের বদলে ক্ষমতার হালুয়া রুটির উচ্ছিষ্টের ভাগভাগি ও দালালি চলছে। ক্ষমতা বদলের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নির্লজ্জ দখলের প্রতিযোগিতা চলছে। অনুষ্ঠানটি গত ৪ দশকের বিপুল সংখ্যক সাবেক ছাত্রলীগ নেতা-কর্মীদের মিলন মেলায় পরিণত হয়। ছাত্রলীগ সভাপতি করিম সিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত স্মৃতিচারণ ও আলোচনা সভায় সাবেক ইউকসু ডিপি কর্ণেল এসআইএম নূরুন্নাহী, সাবেক ছাত্রনেতা মাসুদ আহমেদ রুশি, রেজাউল হক মোশতাক, শেখ জাহিদ হোসেন, শিব নারায়ণ দাশ, আমিনুল হক, আলী সানোয়ার মিলন প্রমুখ বক্তব্য রাখেন।